



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 20



Class: 4

Subject: Bengali Gram(অনুচ্ছেদ)

Date: 20/11/2020

ছাত্রজীবনে নিয়মশৃঙ্খলা

প্রত্যেক মানুষ তার নিজের জীবনকে নিজের মতো করে গড়ে তোলে। তা হলেও আমাদের জীবনে কিছু নিয়মকানুন , কিছু নিয়ম শৃঙ্খলা মেনে চলা উচিত। তাহলে জীবনে উন্নতি ঘটে, সুখশান্তি আসে। জীবনকে সঠিকভাবে গড়ে তোলার উপযুক্ত সময় হল ছাত্রজীবন। ছাত্রছাত্রীদের ঠিক ঠিক সময়ে পড়াশোনা ও লেখাপড়া করতে হবে। গুরুজনদের কথা মানতে হবে, তাদের উপদেশ পালন করতে হবে। বিদ্যালয়ের শিক্ষকদের কথা মান্য করতে হবে। পরিশ্রম করার মতো মনকে তৈরি করতে হবে। সৎ ও বিনয়ী গুণগুলো অনুশীলন করতে হবে। নিয়মিত অধ্যবসায়ের দ্বারা শিক্ষার্থীদের মনোযোগী হওয়ার মতো মন গড়ে ওঠে তারপর ধীর ও স্থির হয়। বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রী একসঙ্গে মিলে পড়াশোনা করার ফলে মিলেমিশে কাজ করার শিক্ষা পাওয়া যায়। নিয়ম শৃঙ্খলা পালন করলে সুস্বাস্থ্য গড়ে ওঠে। ভবিষ্যত জীবনে প্রতিষ্ঠালাভ করা যায় ।

Manashi Chaudhuri